গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৬২.২৫.০০১.১৯.৪৯

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

**অফিস আদেশ**

খাদ্য অধিদপ্তরাধীন জেলা/সংস্থাপনাসমূহের বকেয়া নিরীক্ষা সম্পন্নের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য একটি সম্ভাব্য কর্মসূচি প্রণীত হয়েছে। উক্ত সম্ভাব্য কর্মসূচির আওতাভুক্ত ৪৭টি জেলার মধ্য হতে নিম্নে বর্ণিত নিরীক্ষা দল সমূহকে পার্শ্বে উল্লেখিত স্থাপনাসমূহের বর্ণিত আর্থিক বছরের বকেয়া নিরীক্ষা কার্য সম্পন্নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্র: নং | নিরীক্ষা দলের সদস্যের নাম | স্থাপনা/জেলা | নিরীক্ষা সন |
|---|---|---|---|
| ০১ | মো: কবির হোসেন, সুপারিনটেনডেন্ট (দলনেতা)<br>শংকর চন্দ্র রায়, অডিটর, সদস্য | সাতক্ষীরা | জুলাই/২০১৭ হতে জুন/২০২১ পর্যন্ত (পাটকেলঘাটা এলএসডি, নওবেঁকী এলএসডি, নকিপুর এলএসডি ও উখানি দপ্তর, তালা ব্যতীত) |
| | | মোংলা সাইলো | শুরু হতে জুন/২০২১ পর্যন্ত। |
| | | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী | জুলাই/২০১৭ হতে জুন/২০২১ |
| ০২ | মো: আব্দুল্লাহ, সুপারিনটেনডেন্ট (দলনেতা)<br>মো: নুহ আলী, সুপারিনটেনডেন্ট (সদস্য)<br>মো: রফিকুল ইসলাম মোল্লা, সুপারিনটেনডেন্ট (সদস্য) | ময়মনসিংহ<br>কিশোরগঞ্জ | জুলাই/২০১৭ হতে জুন/২০২১<br>জুলাই/২০১৭ হতে জুন/২০২১ |

প্রয়োজনীয় নির্দেশনা:

(১) কোভিড-১৯ সংক্রান্ত নির্দেশনাবলী পরিপালন করে নিরীক্ষা কার্য সম্পন্ন করবেন।

(২) সরকারি অর্থ সাশ্রয়ের দিক বিবেচনায় রেখে সাধারণভাবে জেখানি দপ্তর ও সদর এলএসডি প্রতিক্ষেত্রে ৪ দিন করে, প্রতিটি এলএসডি ২/৩ দিন (প্রয়োজন মতে) করে এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় প্রতিক্ষেত্রে ২ দিন করে সংস্থাপনাগুলো বিন্যাসপূর্বক জেলাভিত্তিক ভ্রমণসূচি প্রণয়ন করবেন এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিস্বাক্ষরে ভ্রমণ সূচির কপি সত্বর সদর কার্যালয়ে প্রেরণ করবেন;

(৩) নিরীক্ষাকালে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগ হতে জারিকৃত হালনাগাদ নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে;

(৪) গতানুগতিক নিরীক্ষা প্রতিবেদনের পরিবর্তে অত্র দপ্তরের নির্ধারিত প্রোফর্মা অনুসরণপূর্বক স্বয়ংসম্পূর্ণ নিরীক্ষা প্রতিবেদন সদর কার্যালয়ে দাখিল করতে হবে। খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ৪/৮/২০২১ তারিখের ১৩৭৫ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সীমিত পরিবহন ও গুদাম ঘাটতি নির্ধারিত সময়ের মধ্যে অবলোপন না হলে এবং ঘাটতি অবলোপনযোগ্য হলে তা সাধারন আপত্তি হিসাবে (টাকার অংকে প্রদর্শন না করে) উত্থাপন করতে হবে। ছয় মাসের অধিক সময় কোন সীমিত ঘাটতি অবলোপন করা না হলে সংশ্লিষ্ট দপ্তর ও কর্মকর্তার নাম উল্লেখ পূর্বক অবহেলা ও গাফিলতির জন্য আপত্তি প্রদান করতে হবে।তবে সীমাতিরিক্ত ঘাটতির ক্ষেত্রে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম উল্লেখ পূর্বক টাকার অংকে আপত্তি প্রদান করতে হবে।

(৫) নিরীক্ষাকালে অপ্রত্যাশিত কোন আর্থিক অনিয়ম/সরকারি ক্ষতি দৃষ্টিগোচর হলে তা নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্তকরনসহ

যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত অবহিত করতে হবে। এ সকল আপত্তিতে আবশ্যিকভাবে দায়ী কর্মকর্তা/কর্মকর্তাগনের নাম উল্লেখ পূর্বক কে কি পরিমান দায়ী তা টাকার অংকে উল্লেখ করতে হবে।

(৬) এলএসডি/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় নিরীক্ষাকালে সাপ্তাহিক মজুত প্রতিবেদনে অন্তর্ভুক্ত খাদ্যশস্য ও অন্যান্য দ্রব্যাদির প্রারম্ভিক মজুদ, অন্য কেন্দ্র হতে প্রাপ্তি, অন্য কেন্দ্রে প্রেরণ, সংগ্রহ, বিলি বিতরণ, মিলে ধান প্রেরণ ও চাল প্রাপ্তি, পরিবহণ ও গুদাম ঘাটতি এবং সমাপ্তি মজুতের হিসাব জেলার জাতীয় সাপ্তাহিক মজুদ প্রতিবেদনের সাথে সঠিকতা যাচাই করতে হবে (প্রো-ফর্মা মোতাবেক)।

(৭) নিরীক্ষাকালে পরিবহণ ও শ্রম হস্তার্পণ ঠিকাদারের যাবতীয় বিল পরিশোধের বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হবে (প্রো-ফর্মা মোতাবেক) ।

(৮) নিরীক্ষা কার্যক্রম সুস্থুভাবে সম্পাদনের লক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিরীক্ষাদলকে চাহিদাকৃত প্রয়োজনীয় রেকর্ডপত্র সরবরাহসহ সার্বিক সহযোগিতা প্রদান করবেন ।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে ।


২৩-৩-২০২২

মোঃ জামাল হোসেন

অতিরিক্ত পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫০৩১০

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৮৮৯১

ইমেইল: adl.ia@dgfood.gov.bd


নম্বর: ১৩.০১.০০০০.০৬২.২৫.০০১.১৯.৪৯/১(২১)

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, ঢাকা।
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , খাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
৪) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ
৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
৯) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট
১০) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সাতক্ষীরা
১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,কিশোরগঞ্জ
১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,ময়মনসিংহ
১৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
১৫) মোহাম্মদ কবির হোসেন, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৬) মো: আব্দুল্লাহ, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৭) মো: নুহ আলী, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৮) মো: রফিকুল ইসলাম মোল্লা, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৯) শংকর চন্দ্র রায়, অডিটর , রিপোর্ট শাখা, খাদ্য অধিদপ্তর

২০) অফিস কপি/মাস্টার নথি, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ

২৩-৩-২০২২

মোঃ জামাল হোসেন

অতিরিক্ত পরিচালক